তারিখ 06 APR 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

# চট্টগ্রামে চারুকলা ইন্সটিটিউটের হলে তালা, পরীক্ষা স্থগিত

■ চট্টগ্রাম অফিস

নগরীর বাদশা মিয়া সড়কস্থ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চারুকলা ইন্সটিটিউটের পরীক্ষার হলে বহিষ্কৃত এক ছাত্র তার দলবল নিয়ে গতকাল সোমবার তালা ঝুলিয়ে দিলে ইন্সটিটিউটের ২য় বর্ষের ২০১ নম্বর (তত্ত্বীয়) পরীক্ষা স্থগিত করে দেয়া হয়। মোফাজ্জল হায়দার নামে ঐ ছাত্রটি বিশ্ববিদ্যালয়ের বহিষ্কৃত ছাত্রলীগ কর্মীদের একজন।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গত বছরের ২ নভেম্বর ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনার প্রেক্ষিতে ৪ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব রেসিডেন্স, হেলথ অ্যান্ড ডিসিপ্লিন এর সুপারিশে উপাচার্য অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরী তার নির্বাহী ক্ষমতা মোফাজ্জল হায়দারসহ দুইজনকে সাময়িকভাবে বহিষ্কার করেন। সেই বহিষ্কারাদেশ এখনো প্রত্যাহার না হওয়ায় গতকালের পরীক্ষায় মোফাজ্জলের অংশ নেয়ার বিষয়টি অনিশ্চিত ছিল।

জানা যায়, পরীক্ষাকে সামনে রেখে গত রবিবার মোফাজ্জল বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের স্থগিত কমিটির একজন নেতাসহ বহিষ্কারাদেশ প্রত্যাহার করার আবেদন জানায়। কিন্তু তার আবেদন মঞ্জুর হয়নি। এতে সে সোমবার সকাল ৯টায় সদলবলে ইন্সটিটিউটে এসে ২০৩ ও ২০৬ নম্বরের পরীক্ষা হলে তালা ঝুলিয়ে দেয়। চারুকলা ইন্সটিটিউট কর্তৃপক্ষ জানায়, উদ্ভূত পরিস্থিতিতে পরীক্ষা স্থগিত করা হয়েছে।